

তারিখ: 30/03/2012

ভারতের নিয়ন্ত্রক এবং মহা লেখাপরীক্ষক-এর 150 বর্ষপূর্তি উপলক্ষে স্মারক হিসেবে ধাতু মুদ্রা জারি

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক শীঘ্রই নিম্নলিখিত বিশেষ মাত্রা, নকশা এবং গঠন সম্বলিত ₹5 মূল্যমানের ধাতুমুদ্রা প্রচলনে আনবে অর্থাৎ

অঙ্কিত মূল্য	আকৃতি এবং বাইরের ব্যাস	খাঁজের সংখ্যা	ধাতু সংগঠন
পাঁচ টাকা	বৃত্তাকার 23 মিলিমিটার	100	নিকেল পিতল তামা- 75% দস্তা- 20% নিকেল- 5%

**নকশা**

অঙ্কিত মূল্য	মুখ ভাগ	পৃষ্ঠ ভাগ
পাঁচ টাকা	ধাতু মুদ্রার মুখভাগে অশোক স্তম্ভের সিংহ শীর্ষ, নীচে খোদিত নীতিবাক্য “ <b>सत्यमेव जयते</b> ”, বাম দিকের পরিধি বরাবর দেবনাগরী হরফে “ <b>भारत</b> ” শব্দ এবং ডানদিকের পরিধি বরাবর ইংরাজিতে “ <b>INDIA</b> ” শব্দ থাকবে।   সিংহ শীর্ষের নীচে টাকার প্রতিক (₹) চিহ্ন এবং আন্তর্জাতিক অঙ্কে অঙ্কিত মূল্যমানে “5” থাকবে।	ধাতু মুদ্রার সামনের দিকের মধ্যভাগে আছে “ভারতের নিয়ন্ত্রক এবং মহা লেখাপরীক্ষক” -এর লোগো এবং বামদিকের পরিধিতে দেবনাগরীতে “ <b>भारत के नियंत्रक एवं महालेखापरीक्षक</b> ” শব্দ এবং ডানদিকের পরিধিতে ইংরাজিতে “ <b>COMPTROLLER AND AUDITOR GENERAL OF INDIA</b> ” শব্দ এবং লোগোর নীচে আন্তর্জাতিক অঙ্কে বর্ষ অংক “1860-2010” লিখিত থাকবে।

কমোনেজ অ্যাক্ট, 1906 (1906- এর 3) অনুযায়ী এই মুদ্রা বৈধ। এই মূল্যমানের বর্তমানে বিদ্যমান মুদ্রাও বৈধ হিসাবে চালু থাকবে।

অজিত প্রসাদ  
সহকারী মহা প্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2011-2012/1572